# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৭০২

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنِي ثُوَيْرُ بْنُ أَبِي فَاخِتَةَ، عَنْ أَبِيهِ، قَالَ: عَادَ أَبُو مُوسَى الْأَشْعَرِيُّ، الْحَسَنَ بْنَ عَلِيٍّ، قَالَ: فَدَخَلَ عَلِيٌّ، فَقَالَ: أَعَائِدًا جِئْتَ يَا أَبَا مُوسَى أَمْ زَائِرًا؟ فَقَالَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، لَا بَلْ عَائِدًا. فَقَالَ عَلِيٌّ: فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: " مَا عَادَ مُسْلِمٌ مُسْلِمًا إِلا صَلَّى عَلَيْهِ سَبْعُونَ أَلْفَ مَلَكٍ، مِنْ حِينَ يُصْبِحُ إِلَى أَنْ يُمْسِيَ، وَجَعَلَ اللهُ تَعَالَى لَهُ خَرِيفًا فِي الْجَنَّةِ " قَالَ: فَقُلْنَا: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، وَمَا الْخَرِيفُ؟ قَالَ: " السَّاقِيَةُ الَّتِي تَسْقِي النَّخْلَ

حديث حسن، لكن الصحيح وقفه كما تقدم برقم (612) ، وهذا إسناد ضعيف لضعف ثوير بن أبي فاختة
وأخرجه الترمذي (969) من طريق إسرائيل، والبزار (777) من طريق زائدة بن قدامة، كلاهما عن ثوير بن أبي فاختة، بهذا الإسناد. وقال الترمذي: حسن غريب

বাংলা

৭০২। আবু মূসা আল আশয়ারী (রাঃ) আলী (রাঃ) এর অসুস্থ ছেলে হাসানকে দেখতে এলেন। আলী (রাঃ) এ সময়ে বাড়িতে প্রবেশ করে বললেনঃ হে আবু মূসা, আপনি কি আমার বাড়িতে বেড়াতে এসেছেন, না অসুস্থকে দেখতে এসেছেন? আবু মূসা (রাঃ) বললেনঃ হে আমীরুল মুমিনীন, অসুস্থকে দেখতে এসেছি। আলী (রাঃ) বললেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ কোন মুসলিম কোন অসুস্থ মুসলিমকে দেখতে গেলে সত্তর হাজার ফেরেশতা তার কল্যাণ কামনা করে, সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত দু'আ করে এবং আল্লাহ তাঁর জন্য জান্নাতে একটা 'খরীফ' বানিয়ে দেন। আবু মূসা বললেনঃ হে আমীরুল মুমিনীন, 'খরীফ' কী? তিনি বললেনঃ যে নদী খেজুরের বাগানে পানি সিঞ্চন করে।

[তিরমিযী ৯৬৯, মুসনাদ আহমাদ ৬১২]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

---

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63613

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন